FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

মোঃ আলমগীর
**মহাসচিব**
এফবিসিসিআই



# বাণী

ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র ৩৪তম বার্ষিক সাধারণ সভা-২০২৪ এবং এই উপলক্ষ্যে একটি স্মরণিকা প্রকাশিত হতে যাচ্ছে জেনে, আমি অত্যন্ত আনন্দিত। এই আনন্দঘন মুহূর্তে আমি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর পক্ষ থেকে ঝিনাইদহ চেম্বারের নেতৃবৃন্দসহ সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

ব্যবসা, বাণিজ্য ও শিল্প সম্প্রসারণের মাধ্যমে ঝিনাইদহ দেশের অন্যতম গুরুত্বপূর্ণ অঞ্চল হিসেবে গড়ে উঠেছে। কৃষি ও কৃষিপণ্যে প্রাচুর্য ঝিনাইদহ জেলাকে অর্থনৈতিকভাবে আরও সমৃদ্ধ করেছে। ব্যবসা-বাণিজ্যের টেকসই উন্নয়ন, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ, কর্মসংস্থান এবং উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি জেলার আর্থ-সামাজিক উন্নয়নে ব্যবসায়ী ও উদ্যোক্তারা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ব্যবসায়ীদের সুরক্ষা ও নীতি সহায়তা প্রদান, দক্ষতা বৃদ্ধি এবং ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিতকরণে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি অত্যন্ত দক্ষতার সঙ্গে নেতৃত্ব দিয়ে আসছে।

আমি বিশ্বাস করি, বিদ্যমান সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে দেশের ব্যবসা, বাণিজ্যকে এগিয়ে নিতে ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি ভবিষ্যতে আরও সাহসী ও দূরদর্শী নেতৃত্ব দিবে। এ স্মরণীয় দিনে এফবিসিসিআই দেশের সকল চেম্বার ও এসোসিয়েশনের শীর্ষ সংগঠন হিসেবে ভবিষ্যতে ঝিনাইদহসহ জেলা পর্যায়ে সকল চেম্বারের সাথে একযোগে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে।

আমি ঝিনাইদহ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র বার্ষিক সাধারণ সভা-২০২৪ এবং এ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

(মোঃ আলমগীর)